

‘বাংলায় অনুদিত’

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফই সার্কুলার নং ১৫

তারিখঃ ডিসেম্বর ১৫, ২০১৩

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত

সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

রগুনি উন্নয়ন তহবিল (ইডিএফ) এর সুদের হার প্রসংগে।

এফই সার্কুলার নং ২৫, তারিখ ডিসেম্বর ২২, ২০০৯ এর ২ নম্বর অনুচ্ছেদের নির্দেশনার প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এ অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী ইডিএফ হতে ঋণ গ্রহণের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত ডিলার ব্যাংককে ছয় মাসের লিবর + ১% হারে সুদ আরোপ করা হয়। অনুমোদিত ডিলার ব্যাংক বৈদেশিক মুদ্রায় ঋণ গ্রহণকারী উৎপাদনকারী-রগুনিকারকের ওপর ছয় মাসের লিবর + ২.৫০% হারে সুদ আরোপ করে থাকে।

০২। স্বাভাবিক রগুনি কার্যক্রম বাধাগ্রস্ত হওয়ার বর্তমান প্রেক্ষাপটে রগুনিকারকের আর্থিক সংকট হতে উত্তরণের লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ইডিএফ হতে অনুমোদিত ডিলারের অনুকূলে প্রদত্ত ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ছয় মাসের লিবর + ০.৫০% হারে সুদ আরোপ করা হবে। পক্ষান্তরে অনুমোদিত ডিলার ব্যাংক রগুনিকারক ঋণ গ্রহীতা গ্রাহকদের ওপর ছয় মাসের লিবর + ১.৫০% হারে সুদ আরোপ করবে। সংশোধিত সুদের হার এ সার্কুলার জারির তারিখ থেকে পরবর্তী ছয় মাসে বিতরণকৃত ঋণের জন্য প্রযোজ্য হবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ জহিরুল হক)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫১২৬০৪